অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/9/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো জোন্স বিচ স্টেট পার্কে গেমিং এরিয়ার উন্নয়ন চালু করার ঘোষণা দিয়েছেন

6.6 মিলিয়ন মার্কিন ডলারের মোট বিনিয়োগটিতে অন্তর্ভুক্ত রয়েছে একটি নতুন মিনি-গলফ কোর্স, সংস্কার এবং নতুন কোর্ট গেম, বেঞ্চ, টেবিল, বেষ্টনী এবং লাইটিং

2011 সাল থেকে জোন্স বিচ স্টেট পার্ক পুনর্বাসন করতে 100 মিলিয়ন মার্কিন ডলারের বেশি প্রকল্প তৈরি করা হয়েছে

ছবি পাওয়া যাবে এখানে

গভর্নর কুওমো 6.6 মিলিয়ন মার্কিন ডলার ব্যয়ে জোন্স বিচ স্টেট পার্ক (Jones Beach State Park)-এর উন্নয়ন কাজের সমাপ্তি ঘোষণা করছেন। পার্কটির ওয়েস্ট গেমস এরিয়ার এই নতুনত্বকরণের মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে একটি নতুন মিনি-গলফ কোর্স, সংস্কার এবং নতুন কোর্ট গেম, নতুন বেঞ্চ, টেবিল, বেষ্টনী এবং লাইটিং ও সাইটের অতিরিক্ত উন্নয়ন। এই কাজটি গভর্নরের এনওয়াই পার্ক 2020 পরিকল্পনা (NY Parks 2020 Plan)-এর অংশের পাশাপাশি ফেডারেলের ভূমি এবং পানি সংরক্ষণ তহবিলে 1.9 মিলিয়ন মার্কিন ডলারের তহবিল অন্তর্ভুক্ত রয়েছে।

নতুন এবং উন্নত গেমিং এরিয়ায় নতুন কর্নহোল এবং পিকলেবল কোর্টের পাশাপাশি শাফলবোর্ড এবং প্যাডেল টেনিসের জন্য কোর্টের সংস্কার অন্তর্ভুক্ত।

"জোন্স বিচ হলো একটি পার্কের থেকেও বেশি কিছু, এটি নিউ ইয়র্কের একটি জীবন্ত নিদর্শন এবং জনসাধারণের জন্য একটি ঐতিহাসিক আকর্ষণ যা প্রজন্মের পর প্রজন্ম ধরে নিউ ইয়র্কের পরিবারগুলোকে আনন্দ দিয়েছে," **গভর্নর কুওমো বলেন।** "এই নতুন এবং উন্নত গেমিং এরিয়াগুলি পরিবারগুলোকে নজিরবিহীন এই বিপদের সময়েও ভাবনাহীন এবং মজা করার সুযোগ দেবে এবং জোন্স বিচকে প্রত্যেক নিউ ইয়র্কবাসীর জন্য একটি আকর্ষণীয় স্থান হিসেবে গড়ে তুলতে আমরা আমাদের কাজ চালিয়ে যাব।"

পার্ক 2020-এর উদ্যোগের ফলে সেন্ট্রাল মল (The Central Mall)-এর ওয়েস্ট বাথহাউজ এবং পূর্ব গেমস এরিয়ায় ল্যান্ডস্কেপ এবং উদ্যানের উন্নয়ন, নতুন বৃক্ষ রোপন, শোভাময় ঘাস এবং মৌসুমী গাছপালা লাগানো এবং নতুন সেচ এবং বৈদ্যুতিক ব্যবস্থা প্রতিষ্ঠার উন্নতি হয়েছে।

"জোন্স বিচের প্রতি গভর্নর কুওমোর অঙ্গীকার আগামী বছরগুলোতে পর্যটকদের উপকৃত করবে," **স্টেট পার্কস কমিশনার এরিক কুলেসেইড বলেন।** "এই পার্কটি একটি রত্ন যা আগের চেয়ে উজ্জ্বল।"

2,413 একরের জোন্স বিচ স্টেট পার্কটি আটলান্টিক মহাসাগরে ছয় মাইলের বেশি বালুকাময় সৈকতের সঙ্গে একটি ব্যারিয়ার আইল্যান্ডে 1929 সালে খোলা হয়। রবার্ট মোজেসের ডিজাইন করা এই পার্কটি 2005 সাল থেকে ঐতিহাসিক স্থানের জাতীয় নিবন্ধটিতে রয়েছে এবং বছরে ছয় মিলিয়নের বেশি দর্শনার্থীদের আকৃষ্ট করে।

2011 সাল থেকে স্টেট পার্ক 100 মার্কিন ডলারের অধিক জোনস বিচ স্টেট পার্কের ঐতিহাসিক রাজকীয়তা পুনরুদ্ধার প্রকল্প শুরু এবং সম্পূর্ণ করা, নতুন দর্শনার্থীদের আকৃষ্ট করা এবং নতুন বিনোদনমূলক ফেসেলিটি তৈরি করতে খরচ করেছে, বহুবর্ষব্যাপী পুনরুজ্জীবিতকরণ পরিকল্পনার অংশ হিসেব। সম্পূর্ণ হওয়া প্রকল্পগুলোর মধ্যে আছে ওয়েস্ট বাথহাউস কমপ্লেক্স (West Bathhouse Complex) এবং ফিল্ড 6-এর পুনর্বাসন, ঐতিহাসিক সেন্ট্রাল মল মোজাইক (Central Mall mosaics) পুনরুদ্ধার, ওয়েস্ট গেমস এরিয়া (West Games Area) এবং জাক'স বে (Zach's Bay)-তে নতুন খেলার মাঠ, নতুন গেটওয়ে সংকেত, নতুন বোর্ডওয়াক ক্যাফে রেস্টুরেন্ট (Boardwalk Café restaurant) এবং জিপ লাইন বিশিষ্ট একটি নতুন ওয়াইল্ডপ্লে অ্যাডভেঞ্চার পার্ক (WildPlay Adventure park) সম্পন্নকরণ অন্তর্ভুক্ত। পার্কটির উন্নতিসাধন স্টেটের পার্ক সিস্টেমের নতুনত্বকরণের জন্য গভর্নর কুওমোর NY পার্কের উন্নয়ন 2020 অঙ্গিকারবদ্ধতাকে প্রতিফলিত করে।

সেটর জন ব্রুকস বলেন, "এই উদ্বোধন জোন্স বিচকে নিউ ইর্কের স্টেট পার্ক ব্যবস্থার রত্নয় এবং আমাদের মহান স্টেটজুড়ে পরিবারগুলোর জন্য এক নম্বর আকর্ষণীয় স্থান হিসেবে বজায় রাখার অঙ্গীকারের আরেকটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। জোন্স বিচের যেসব এলাকায় বয়স, অতিরিক্ত ব্যবহার, এমনকি সুপারস্টর্মের শিকার হয়েছে সেগুলোর পাশাপাশি আগামী 90 বছর প্রতিটি মুহূর্ত আগের মতোই গৌরবময় নিশ্চিত করতে এই ধরনের এরিয়ার ফ্যাসিলিটিগুলির যথাযথ উন্নয়নে সহায়তা প্রদানের জন্য আমি গভর্নর কুওমোর প্রচেষ্টার প্রশংসা করছি।"

অ্যাসেম্বলি মেম্বার ডেভিড ম্যাকডোনা বলেন, "সদ্য সংস্কারকৃত ওয়েস্ট গেমস এরিয়াটি এবং ওয়েস্ট বাথহাউজে অসাধারণ সংযোজন হিসেবে যেসব উন্নয়ন করা হয়েছে তা ইতোমধ্যে এনওয়াইএস পার্ক ডিপার্টমেন্ট (NYS Parks Department)-এর রত্নের মুকুট স্বরুপ যা আমি নিশ্চিত যে আগামী বছরগুলোতে অনেকেই এগুলো উপভোগ করবে।"

গত গ্রীষ্মে, জোন্স বিচের শেয়ার করা ব্যবহারের পথ খোলা হয়েছে, যা একটি নতুন 4.5 মাইলের অবসরকালীন হাঁটার পথ সরবরাহ করে যা পদচারী, স্কেটার, দৌড়বিদ এবং সাইক্লিস্টদের অত্যাশ্চর্য সমুদ্র পার্শ্বের দৃশ্য উপভোগের সুযোগ প্রদান করে। ইস্ট গেমস এরিয়ায় নতুন বাস্কেটবল কোর্ট খোলা হয়েছে যার মধ্যে নতুন আলো, বেষ্টনী, বেঞ্চ এবং পানীর ফোয়ারার দৃষ্টি নন্দর দৃশ্য অন্তর্ভুক্ত ছিল।

নিউ ইয়র্ক স্টেটের পার্ক, বিনোদন ও ঐতিহাসিক স্থাপনা সংরক্ষণ অফিস (Office of Parks, Recreation and Historic Preservation) সম্পর্কে

নিউ ইয়র্ক স্টেটের পার্ক, বিনোদন ও ঐতিহাসিক স্থাপনা সংরক্ষণ অফিস 250টিরও বেশি স্বতন্ত্র পার্ক, ঐতিহাসিক স্থান, গলফ কোর্স, নৌকার ঘাট ও বিনোদনমূলক ভ্রমণপথের তত্ত্বাবধান করে, যেগুলো দেখতে 2019 সালে রেকর্ড পরিমাণ 77 মিলিয়ন মানুষ আসে। ইউনিভার্সিটির সাম্প্রতিক এক গবেষণায় দেখা গেছে, স্টেট পার্ক ও এর দর্শনার্থী দ্বারা যা ব্যয় হয় তা 5 বিলিয়ন মার্কিন ডলার আউটপুট ও বিক্রয়কে প্রসারিত করে, 54,000 বেসরকারি খাতের কর্মসংস্থান সৃষ্টি এবং অতিরিক্ত স্টেটের মোট দেশীয় পণ্য (GDP) 2.8 বিলিয়ন মার্কিন ডলারের বেশি যোগ করতে পারে। এই বিনোদন কেন্দ্রসমূহ সম্পর্কে অতিরিক্ত তথ্য পেতে চাইলে কল করুন 518-474-0456 নম্বরে অথবা ভিজিট করুন parks.ny.gov বা সংযুক্ত হন ফেসবুকে, বা ফলো করুন টুইটারে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন